# ২০২৩

# বাংলা

## (প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-1

## বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী

(Old CBCS Syllabus)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) বৃন্দাবন দাস রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো। এটি মোট কটি অধ্যায়ে বিভক্ত?

খ) সাধক কবি কমলাকান্ত কী জাতীয় গান রচনা করে বিখ্যাত হয়ে আছেন? তাঁর পৈতৃক নিবাস কোথায়?

গ) চৈতন্য পূর্ববর্তী দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

ঘ) 'আদিত্যবার শ্রীপঞ্চমী পূর্ণ মাঘ মাস' — কোন্ কবির জন্ম সম্পর্কে কথাটি বলা হয়েছে? তাঁর কাব্যের নাম কী ছিল?

ঙ) 'কি পেখলুঁ নটবর গৌরকিশোর'— 'পেখলুঁ' শব্দের অর্থ কী? পদকার কে?

[পরের পাতায়]

চ) 'গুণরাজ খাঁ' কার উপাধি? তাঁর অনুদিত গ্রন্থের নাম কি?

ছ) 'মনসামঙ্গল' কাব্যের আদি কবি কে? তাঁর রচিত কাব্যের নাম লেখো।

জ) 'রাধার কি হৈল অন্তরে ব্যথা'— পদকার কে? কোন্ পর্যায়ের পদ?

ঝ) মিশ্র-কলাবৃত্ত ছন্দ আর কী কী নামে পরিচিত?

ঞ) স্বরবৃত্ত ছন্দের মূল পর্ব কয় মাত্রার হয়? এই ছন্দের অপর একটি নাম বলো।

ট) 'শ্লেষ' অলঙ্কার কাকে বলে? 'শ্লেষ' অলঙ্কার কয় প্রকার ও কী কী?

ঠ) অন্ত্যানুপ্রাস কাকে বলে?

ড) "এ সখি হামারি দুখের নাহি ওর।

এ ভরা বাদর মাহ ভাদর

শূণ্য মন্দির মোর।"

—পদটি কোন্ পর্যায়ের পদ, কার লেখা? 'ভাদর' শব্দের অর্থ কী?

ঢ) 'জীবে দয়া তব পরম ধর্ম, জীবে দয়া তব কই'— উদ্ধৃতিটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?

ণ) 'আমার শপতি লাগে' পদটিতে কাকে, কে শপথ করাচ্ছেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) 'রাধার কি হৈল অন্তরে ব্যাথা'— পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।



খ) টীকা লেখো (যে-কোনো একটি) :

কাশীরাম দাস; 'চৈতন্যচরিতামৃত'।

গ) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো দুটি) :

পর্ব, যতি, মাত্রা।

ঘ) যে-কোনো দুটি অলঙ্কারের সংজ্ঞা ব্যাখ্যা ও উদাহরণ দাও :

উৎপ্রেক্ষা, অনুপ্রাস, শ্লেষ।

ঙ) 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে'— পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

চ) কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) চর্যাপদাবলীতে সামাজিক জীবনের যে ছবি ফুটে উঠেছে তা বুঝিয়ে দাও।

খ) ধর্মমঙ্গল কাব্যের কবি ঘনরাম চক্রবর্তীর কবি বৈশিষ্ট্য আলোচনা করো।

গ) "কন্টকগাড়ী কমল-সম পদতল"—পদটির পর্যায় উল্লেখ করে কাব্যসৌন্দর্য বিচার করো।

ঘ) 'স্বরবৃত্ত' ছন্দের সংজ্ঞা এবং বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা করো।